

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৬৬

১৮. بَيْبَسَا-بَانِجَّا অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৮৩. শুফ'আ বা অগ্রে ক্রযাধিকার সম্পর্কে

بَابِ فِي الشُّفْعَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ إِدْرِيسَ عَنْ أَبِي جُرَيْجٍ عَنْ أَبِي الزُّبَيرِ عَنْ جَابِرٍ قَالَ قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالشُّفْعَةِ فِي كُلِّ شِرْكٍ لَمْ يُقْسِمْ رَبْعَةٌ أَوْ حَائِطٌ لَا يَحْلُّ لَهُ أَنْ يَبِيعَ حَتَّى يُؤْذِنَ شَرِيكُهُ فَإِنْ شَاءَ أَخْذَ وَإِنْ شَاءَ تَرَكَ فَإِنْ بَاعَ وَلَمْ يُؤْذِنْهُ فَهُوَ أَحَقُّ بِهِ قِيلَ لِأَبِي مُحَمَّدٍ تَقُولُ بِهَذَا قَالَ نَعَمْ

বাংলা

২৬৬৬. জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন- রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক শরীকী মালে 'শুফ'আ'-এর আদেশ করেছেন যা এখনও বণ্টন করা হয়নি: ঘর-বাড়ি অথবা বাগানের এক অংশীদারের নিজের অংশ অন্য অংশীদারের অনুমতি না নেওয়া পর্যন্ত বিক্রি করা বৈধ নয়। সেই অংশীদারের ইচ্ছা সে নিতেও পারে, নাও নিতে পারে। আর যদি কোন অংশীদার অন্য অংশীদারের অনুমতি না নিয়ে বিক্রি করে দেয়- তবে এক্ষেত্রে সে-ই তার অধিক হকদার।[1] আবু মুহাম্মদ কে বলা হলো: আপনি কি এমত পোষণ করেন? তিনি বলেন, হ্যাঁ।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, বুয়ু ২২১৩; মুসলিম, মাসাকাহ ১৬০৮।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৮৩৫, ১৮৫১, ২১৭১ ও সহীহ ইবনু হির্বান নং ৫১৭৯, ৫১৮৪, ৫১৮৬, ৫১৮৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82951>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন